

# যুগান্তর

## ভালুকায় প্রধান শিক্ষিকাকে লাঞ্চিত করলেন সভাপতি

প্রকাশ : ১৮ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ভালুকা উপজেলার বিরুনিয়া ইউনিয়নের বিরুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সভাপতির হাতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা লাঞ্চিত হওয়ার অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটে প্রতিষ্ঠানের অফিস কক্ষে শনিবার সকালে। জানা যায়, দীর্ঘ দিন যাবত প্রতিষ্ঠানটির সভাপতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার মধ্যে বিভিন্ন বিষয় নিয়ে দ্বন্দ্ব চলে আসছিল। ঘটনার দিন সকালে স্কুলের সভাপতি শাহীনুর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শিমুরাণী মালোর সঙ্গে বঙ্গবন্ধুর জন্মদিন পালন দিয়ে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে প্রতিষ্ঠানের অন্যান্য বিষয় নিয়ে দু'জনের প্রচণ্ড বাকবিতণ্ডা থেকে শাহীনুর উত্তেজিত হয়ে শিমুরাণীকে চড় মারতে উদ্যত হন। এ সময় উপস্থিত শিক্ষকরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। শিমুরাণী মালো বলেন, স্কুলের সভাপতি শাহীনুর স্লিপের টাকা তার ব্যক্তি হাওয়ায় রেখে প্রতিষ্ঠানের জন্য খরচ না করাসহ বিভিন্ন ঘটনা নিয়ে তার সঙ্গে প্রতিষ্ঠানের দ্বন্দ্ব চলে আসছিল। ঘটনার দিন তিনি স্কুলে এসে আমাকে অকথ্য ভাষায় গালিগালজ করে চর মারতে আসেন এবং লাঞ্চিত করে স্কুল থেকে বের করে দেয়ার হুমকি দেন। স্কুলের সভাপতি শাহীনুর বলেন, প্রধান শিক্ষিকা ঠিকমতো প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের পাঠদান না করায় ও বঙ্গবন্ধুর জন্মদিন পালনের জন্য কমিটির সদস্যগণকে অবগত না করায় কথা কাটাকাটি হয়। বিরুনিয়া ক্লাস্টারের উপজেলা সহকারী (প্রা.) শিক্ষা কর্মকর্তা আয়েশা বেগম বলেন, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা কান্না করে আমাকে মোবাইল ফোনে বলেন, সভাপতি তাকে অকথ্য ভাষায় গালিগালজ ও লাঞ্চিত করে স্কুল থেকে বের করে দেয়ার হুমকি দিয়েছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।